

৩১/১/০৭
৪-১

চরম অর্থ সংকট

শিক্ষা বিভাগের ৪০ উন্নয়ন প্রকল্প মুখ খুবড়ে পড়েছে

ইনকিলাব রিপোর্ট

অর্থ সংকটে সরকার। এ সংকটের তীব্র প্রভাব পড়েছে রপ্তি ব্যবস্থায়। জাতি পড়েছে দেশের উন্নয়ন কর্মকাণ্ডে। নতুন করে কোন উন্নয়ন প্রকল্প তো নয়ই বরং অর্থ সংকটের মুখে বিগত সময়ে গৃহীত প্রায় সব উন্নয়ন প্রকল্পের

কার্যক্রমও থমকে গেছে। চলতি বছরের উন্নয়ন কর্মসূচীর সর্বশেষ বাস্তবায়ন প্রতিবেদন অনুযায়ী উন্নয়ন কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত সকল মন্ত্রণালয় ও বিভাগের চেয়ে অর্থ সংকটে কঠিনতর চ্যালেঞ্জের মুখে পড়েছে শিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রিত শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ৫-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

শিক্ষা বিভাগের ৪০ উন্নয়ন

১২-এর পৃষ্ঠার পর

পরিস্থাপিত উন্নয়ন তৎপরতা। তত্ত্বাবধায়ক সরকারের কাছে চারদলীয় জোট সরকার ক্রমতা হ্রাসের পর থেকে শিক্ষা মন্ত্রণালয় প্রেসিডেন্ট ও সাবেক প্রধান উপদেষ্টার হাতে থাকার প্রায় গত তিন মাস ধরে এ মন্ত্রণালয়ের কোন পর্যায়ই তেমন কোন কাজ হয়নি। কেবল যে তত্ত্বাবধায়ক সরকারের আমলেই অর্থ সংকটে শিক্ষা বিভাগের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে তা নয়। বিগত সরকারের মেয়াদ শেষের আগে থেকেই সাবেক অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর মধ্যে বিরোধিতা জটিলতার কারণে শিক্ষা বিভাগের প্রায় সকল কাজে অর্থ ছাড় মারাত্মকভাবে ব্যাহত হতে থাকে। শিক্ষা বিভাগের উন্নয়নে সাবেক জোট সরকারের মেয়াদের শেষ বছরে গৃহীত প্রকল্পসমূহও অর্থ মন্ত্রণালয় ও অর্থমন্ত্রীর বিরোধিতায় মুখ খুবড়ে পড়ে। সরাসরি প্রভাব পড়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অধীনে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের কাজে। প্রায় তথ্য অনুযায়ী, অর্থ সংকটের কারণে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে ৪০টি প্রকল্পের কার্যক্রম থমকে গেছে। গত অক্টোবর মাসে এসএ প্রকল্পের কাজের পর্যালোচনা করে পরবর্তী ব্যবস্থা নেয়ার কথা থাকলেও সাবেক সরকারের হাল ছাড়া মনোভাবে তা হয়নি। শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের মতে, তত্ত্বাবধায়ক সরকারের সময়ে সকল জটিলতা কেটে যাবে এবং পূর্ণ

উদ্যমে চলমান প্রকল্পসমূহের কার্যক্রম পরিচালিত হবে আশা করলেও শিক্ষা মন্ত্রণালয় সাবেক প্রধান উপদেষ্টার অধীনে থাকায় তাও হয়নি। তবে এ মন্ত্রণালয়ে সাবেক আমলা আইয়ুব কাদরীকে নতুন উপদেষ্টার দায়িত্ব দেয়ায় আশার সঞ্চার হয়েছে সংশ্লিষ্ট সবার মাঝে। গত বছরের অক্টোবর মাসে নির্ধারিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা মূল্যায়নে আগামী ২৮ জানুয়ারী সভা ডেকেছেন নয়া শিক্ষা উপদেষ্টা। জানা যায়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তারা ওই দিন মোট ৪০টি প্রকল্প বাস্তবায়নে নানা প্রতিবন্ধকতার চিত্র তুলে ধরবেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন এ ৪০ প্রকল্পের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ৯টি, কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৯টি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ৮টি এবং বাকিগুলো শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব প্রকল্প। শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতে, ২৮ জানুয়ারী আনুষ্ঠানিক সভায় উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়নে যেসব প্রতিবন্ধকতা রয়েছে তা কেটে যাবে।